প্রাণিসম্পদ অধিদপ্তরে ১৬/01/২০২০ খ্রিঃ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তরের নির্ধারিত কর্মসূচির কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক আলোচনা সভার কার্যবিবরণী

সভাপতিঃ ডাঃ আবদুল জব্বার শিকদার

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর

সভার স্থানঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের সম্মেলন কক্ষ

তারিখঃ ১৬/০১/২০২০

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিতির তালিকাঃ **পরিশিষ্ট-ক**

প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তরের নির্ধারিত কর্মসূচির কর্মপরিকল্পনা বাস্তবায়ন যথাযথ নিশ্চিত করার লক্ষ্যে আলোচনা উপস্থাপনের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জনাব ফয়সাল মেহেদী হাসান কে আহবান জানান। সভায় উপস্থিত কর্মকর্তাগণ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তরের নির্ধারিত কর্মসূচির কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে একমত পোষণ করে সর্বোর্চ্চ অগ্রাধিকার দিয়ে এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করবেন মর্মে জানান।

বিস্তারিত আলোচনান্তে নিমোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্তসমূহঃ

ক্রমিকনং	বিস্তারিত কার্যক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত/মন্তব্য	বাস্তবায়নে
১.	প্রাণিসম্পদ অধিদপ্তরসহ অন্যান্য সকল দপ্তরসমূহে এবং মাঠ পর্যায়ের সকল	উপ-পরিচালক (বাজেট) সভায় জানান যে, উপ-পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন এর	উপ-পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন এর নেতৃত্বে একটি ৫ সদস্যের কমিটি গঠন করে	**৫ সদস্য বিশিষ্ট কমিটি** উপ-পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, আহবাহক

	কার্যালয়ে ১৭-২৬ মার্চ এবং সকল জাতীয় দিবসে আলোকসজ্জা করা হবে। এছাড়া সকল দপ্তর ও কার্যালয়ে অধিদপ্তরের উন্নয়ন কর্মকান্ড, সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮ এবং প্রাণিসম্পদ খাতের সাফল্য বিষয়ক ব্যানার ও বিলবোর্ড স্হাপন করা হবে	নেতৃত্বে একটি ৫ সদস্যের কমিটি গঠন করে মুজিববর্ষ (২০২০) উপলক্ষ্যে অধিদপ্তর সহ অন্যান্য সকল দপ্তরে আলোকসজ্জা, অধিদপ্তরের উন্নয়ন কর্মকান্ড, সরকারের নির্বাচনী ইশতেহার- ২০১৮ এবং প্রাণিসম্পদ খাতের সাফল্য বিষয়ক ব্যানার ও বিলবোর্ড স্হাপন করা হবে। তাছাড়া, অধিদপ্তর সহ অন্যান্য দপ্তর বিশেষ করে বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান,মহাখালী সহ আলাউদ্দিন রোডে প্রাণিসম্পদ স্থাপনায় ডিসপ্রে স্কীন স্থাপন করা হবে।	মুজিববর্ষ উপলক্ষ্যে প্রয়োজনীয় আলোকসজ্জা, অধিদপ্তরের উন্নয়ন কর্মকান্ড, সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮ এবং প্রাণিসম্পদ খাতের সাফল্য বিষয়ক ব্যানার ও বিলবোর্ড স্হাপন করা হবে। বিলবোর্ড এবং ব্যানারে যে সকল বিষয় থাকবে তা প্রধান কার্যালয় থেকে সমন্বয় করা হবে এবং আগামী ২৩/০১/২০ তারিখের মধ্যে মাঠপর্যায়ে প্রেরণ করা হবে।	উপ-পরিচালক, প্রশাসন, ড. সৈয়দ আলী আহসান, সংযুক্ত: প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মাননিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন প্রকল্প ডাঃ মোঃ আনোয়ার সাদাত, উপ-প্রকল্প পরিচালক, সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প উপ-পরিচালক, বাজেট, সদস্য সচিব
২.	প্রতি মাসে ১ দিন শিশু কিশোরদের জন্যে বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানার প্রাণিযাদুঘরে প্রবেশ উন্মুক্ত থাকবে এবং বঙ্গবন্ধুর জীবন আদর্শ এবং চিড়িয়াখানার জীবজন্তু বিষয়ক অডিও ভিজুয়াল	কিউরেটর, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা সভায় জানান যে, আগামী ১ মার্চ, ২০২০ থেকে প্রতিমাসের ১ম সপ্তাহের ১ম রবিবার শিশু কিশোরদের জন্যে বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানার প্রাণিযাদুঘরে প্রবেশ উন্মুক্ত থাকবে।	কিউরেটর, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা এর নেতৃত্বে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে যা আগামী মার্চ/২০২০ মাস থেকে প্রতি মাসের ১ম রবিবার সকাল ১০ টা থেকে দুপুর ৪ টা পর্যন্ত শিশু কিশোরদের জন্যে	কিউরেটর, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা এবং ডেপুটি কিউরেটর, রংপুর চিড়িয়াখানা

	ডেমোনেস্ট্রেশন করা হবে। এছাড়া রংপুর চিড়িয়াখানার শিশুপার্কে মাসে ১দিন শিশু কিশোরদের জন্য উন্মুক্ত থাকবে এবং বঙ্গবন্ধুর জীবন আদর্শ ও চিড়িয়াখানার জীবজন্তু বিষয়ক অডিও ভিজুয়াল ডেমোনেস্ট্রেশন করা হবে।	তাছাড়া, রংপুর চিড়িয়াখানার শিশুপার্কে মাসে ১দিন শিশু কিশোরদের জন্য উন্মুক্ত থাকবে এবং বঙ্গবন্ধুর জীবন আদর্শ ও চিড়িয়াখানার জীবজন্তু বিষয়ক অডিও ভিজুয়াল ডেমোনেস্ট্রেশন করা হবে।	বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানার প্রাণিযাদুঘরে প্রবেশ উন্মুক্ত থাকবে। রংপুর চিড়িয়াখানায় মার্চ/২০২০ মাস থেকে প্রতিমাসের ৩য় মঙ্গলবার শিশুপার্কে প্রবেশ উন্মুক্ত থাকবে। উল্লেখ্য যে, উভয় কার্যক্রমটি আগামী মার্চ/২০২১ পযর্ন্ত চলমান থাকবে।	
৩.	সারাদেশে প্রতি উপজেলার একটি গ্রামে শতভাগ টিকা, কৃমিনাশক প্রদান, বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন এবং Climate Smart Livestock interventions মাধ্যমে **স্মার্ট লাইভস্টক ভিলেজ** তৈরি করা হবে	পরিচালক (সম্প্রসারণ) সভায় জানান যে, প্রতি উপজেলায় একটি গ্রামে স্মার্ট লাইভস্টক ভিলেজ তৈরি করা হবে যেখানে সহজ যোগাযোগ ব্যবস্থা থাকবে। তাছাড়া, উক্ত মডেল ভিলেজ এর সার্ভে করা, হেলথ কার্ড/রেজিস্ট্রেশন করা, উঠান বৈঠক, ফডার প্রোডাকশন/কাটিং সাপ্লাই, টিকা প্রদান/ কৃমিনাশক কর্মসূচী, গরুর ট্যাগিং করা সহ পরামর্শ কেন্দ্র এবং সাইনবোর্ড থাকতে পারে।	বিভাগীয় উপ-পরিচালক বৃন্দকে স্মার্ট লাইভস্টক ভিলেজ এর তালিকা আগামী ২৩ জানুয়ারির মধ্যে প্রস্তুত করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।	**৫ সদস্য বিশিষ্ট কমিটি** পরিচালক ,সম্প্রসারণ, আহবাহক ডাঃ মলয় কুমার সুর, সহকারী পরিচালক (এল/আর) ডাঃ মোঃ রফিকুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (এল,আর), মোঃ শামীম হোসেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (এল,আর), উপ-পরিচালক, প্রশাসন, সদস্য সচিব

৪.	বিনামূল্যে চিকিৎসা সেবা জনগণের দোড় গোড়ায় পৌছানোর জন্যে প্রতি সপ্তাহে ১টি ইউনিয়নে **ফ্রি ভেটিরিনারি মেডিকেল ক্যাম্প** স্হাপন করা হবে।	বিনামূল্যে চিকিৎসা সেবা জনগণের দোড় গোড়ায় পৌছানোর জন্যে প্রতি মাসে ১টি ইউনিয়নে ফ্রি ভেটিরিনারি মেডিকেল ক্যাম্প স্হাপন করা সময়োপযোগী এবং গুরুরত্বপূর্ণ।	বিভাগীয় উপ-পরিচালকদের নেতৃত্বে সারাদেশে বিনামূল্যে চিকিৎসা সেবা জনগণের দোড় গোড়ায় পৌছানোর জন্যে **প্রতি মাসে ১টি ইউনিয়নে ফ্রি ভেটিরিনারি মেডিকেল ক্যাম্প স্হাপন** করা হবে। এজন্য আগামী ২৩/০১/২০ তারিখের মধ্যে ইউনিয়নের তালিকা পেশ করা হবে।	বিভাগীয় উপ-পরিচালকবৃন্দ
৫.	পোল্ট্রি ও ডেইরি খামারীদের দক্ষতা উন্নয়ন এবং নিরাপদ মাংস উৎপাদনের জন্যে স্হানীয় খামারী ও মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ জোরদার করা হবে।	পোল্ট্রি ও ডেইরি খামারীদের দক্ষতা উন্নয়ন এবং নিরাপদ মাংস উৎপাদনের জন্যে স্হানীয় খামারী ও মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।	বিভাগীয় উপ-পরিচালকদের নেতৃত্বে পোল্ট্রি ও ডেইরি খামারীদের দক্ষতা উন্নয়ন এবং নিরাপদ মাংস উৎপাদনের জন্যে স্হানীয় খামারী ও মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ জোরদার করার লক্ষ্যে কতজনকে প্রশিক্ষণ দেয়া হবে তার একটি তালিকা আগামী ২৩/০১/২০ তারিখের মধ্যে পেশ করা হবে।	বিভাগীয় উপ-পরিচালকবৃন্দ
৬.	কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ও ভ্রূণ স্হানান্তর সংক্রান্ত **ভিডিও ক্লিপ, টিভি ফিলার এবং নাটিকা** প্রতিটি	প্রকল্প পরিচালক, AIET সভায় জানান যে, কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ও ভ্রূণ স্হানান্তর সংক্রান্ত ভিডিও ক্লিপ, টিভি ফিলার এবং	প্রকল্প পরিচালক, AIET, কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ও ভ্রূণ স্হানান্তর সম্পর্কীত ভিডিও ক্লিপ, টিভি ফিলার এবং নাটিকা	**৫ সদস্য বিশিষ্ট কমিটি** উপ-পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস চাষ উৎপাদন, আহবাহক ডাঃ মোঃ জসিম উদ্দীন, সহকারী পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস চাষ উৎপাদন

	জেলা ও উপজেলাতে কৃত্রিম প্রজনন কেন্দ্রে **প্রচার করা** হবে। এছাড়া প্রতিটি উপজেলাতে **উন্নত জাতের বাছুরের প্রজেনী প্রদর্শন** করা হবে।	নাটিকা প্রচার করা সম্ভব। তাছাড়াও, তিনি জানান যে, কৃত্রিম প্রজনন থেকে প্রাপ্ত উন্নত জাতের বাছুরের প্রজেনী শো প্রদর্শন করা যেতে পারে।	পেনড্রাইভ এ নিয়ে ৮ টি বিভাগে প্রেরণ করবেন। সেখান থেকে উপ-পরিচালক মহোদয়গণ জেলা ও উপজেলায় প্রেরণ করবেন। উন্নত জাতের বাছুরের প্রজেনী প্রদর্শন বিষয়ে আগামী ২০/০১/২০ তারিখে প্রাক-এডিপি মিটিং এ সিদ্ধান্ত হবে।	মোঃ সফিকুর রহমান, বায়ার অফিসার, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা। ডাঃ রফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক, মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) ড. মোঃ বেলাল হোসেন, প্রকল্প পরিচালক, AIET, সদস্য সচিব
৭.	প্রতিটি জেলায় একটি প্রাথমিক বিদ্যালয়/ মাদ্রাসায় ও এতিমখানায় স্কুল মিল্ক ফিডিং এবং স্কুল এগ ফিডিং কর্মসূচি গ্রহণ করা হবে।	এলডিডিপি প্রকল্প থেকে এই মূহূর্তে স্কুল ফিডিং এর কোন অনুদান নেই। তবে বিকল্প হিসেবে বিভাগীয় উপ-পরিচালকদের সমন্বয়ে সুনির্দিষ্ট প্রাথমিক বিদ্যালয়/ মাদ্রাসায় ও এতিমখানায় স্কুল ফিডিং কর্মসূচি গ্রহণ করা যেতে পারে।	বিভাগীয় উপ-পরিচালকদের নেতৃত্বে **সুনির্দিষ্ট প্রাথমিক বিদ্যালয়/মাদ্রাসায় তালিকা** করে আগামী ২৩/০১/২০ তারিখের মধ্যে পেশ করা হবে।	বিভাগীয় উপ-পরিচালকবৃন্দ
৮.	প্রত্যেক বিভাগের একটি উপজেলাকে পিপিআর মুক্ত এবং অন্য একটি উপজেলাকে এফএমডি নিয়ন্ত্রণ ঘোষণার জন্যে কর্মসূচি গ্রহণ করা হবে।	পরিচালক (সম্প্রসারণ) সভায় জানান যে, প্রত্যেক বিভাগের একটি উপজেলাকে পিপিআর মুক্ত এবং এফএমডি নিয়ন্ত্রণ ঘোষণার জন্যে কর্মসূচি গ্রহণ করা হবে।	বিভাগীয় উপ-পরিচালকদের নেতৃত্বে আগামী ২৩/০১/২০ তারিখের মধ্যে উপজেলার তালিকা পেশ করা হবে।	প্রকল্প পরিচালক, পিপিআর রোগ নির্মূল এবং এফএমডি নিয়ন্ত্রণ

৯.	প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতায় পরিচালিত ভেটেরিনারি কলেজসমূহে এবং ডিপ্লোমা ইনস্টিটিউটসমূহে (আইএলএসটি) জাতির পিতার জীবন আদর্শ নিয়ে সেমিনারের আয়োজন করা হবে	প্রকল্প পরিচালক, প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মাননিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন সভায় জানান যে, তাঁর প্রকল্প থেকে দুইটি ভেটেরিনারি কলেজে এবং একটি কোয়ালিটি কন্ট্রোল ল্যাবে কেন্দ্রীয় সেমিনার এর জন্য প্রয়োজনীয় আর্থিক সহায়তা করা যাবে এবং প্রকল্প পরিচালক, আইএলএসটি সভায় জানান যে, ডিপ্লোমা ইনস্টিটিউটসমূহে (আইএলএসটি) জাতির পিতার জীবন আদর্শ নিয়ে সেমিনারের আয়োজন করা হবে এবং কলেজের ছাত্রছাত্রীদের শিক্ষাসফর হিসেবে বঙ্গবন্ধুর মাজার পরিদর্শন করানো হবে।	ভেটেরিনারি কলেজসমূহে এবং ডিপ্লোমা ইনস্টিটিউটসমূহে জাতির পিতার জীবন আদর্শ নিয়ে সেমিনারের আয়োজন করা হবে এবং কলেজের ছাত্রছাত্রীদের শিক্ষাসফর হিসেবে বঙ্গবন্ধুর মাজার পরিদর্শন করানো হবে। প্রকল্প পরিচালক, প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মাননিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন প্রকল্পের আওতায় একটি কেন্দ্রীয় সেমিনারের আয়োজন করা হবে।	প্রকল্প পরিচালক, প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মাননিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন এবং প্রকল্প পরিচালক, আইএলএসটি
১০.	এলডিডিপি প্রকল্পের আওতায় ফারমার্স ফিল্ড স্কুল (এফএফএস) কাযর্ক্রম জোরদার করা হবে।	সভায় জানানো হয় যে, ফারমার্স ফিল্ড স্কুল (এফএফএস) কাযর্ক্রম বেশ কার্যকরী। এলডিডিপি প্রকল্প এর আওতায় ফারমার্স ফিল্ড স্কুল (এফএফএস) কাযর্ক্রম জোরদার করা হবে।	এলডিডিপি প্রকল্প এর আওতায় ফারমার্স ফিল্ড স্কুল (এফএফএস) কাযর্ক্রম জোরদার করা হবে। এ বিষয়ে আগামী ২০/০১/২০ তারিখে প্রাক-এডিপি মিটিং এ সিদ্ধান্ত হবে।	প্রকল্প পরিচালক, এলডিডিপি

১১.	প্রাণিসম্পদ অধিদপ্তর বিনামূল্যে ২৪ ঘন্টা পশু-পাখির প্রাথমিক চিকিৎসা সেবাসহ বিভিন্ন কার্যক্রম খামারীদের মাঝে পৌছানোর জন্য মোবাইল এস.এম.এস সার্ভিস চালু করেছে যার কাযর্ক্রম আরো জোরদার করা হবে।	মোঃ শামীম হোসেন, ইউএলও (এল/আর) জানান যে, প্রাণিসম্পদ অধিদপ্তর বিনামূল্যে ২৪ ঘন্টা পশু-পাখির প্রাথমিক চিকিৎসা সেবাসহ বিভিন্ন কার্যক্রম খামারীদের মাঝে পৌঁছানোর জন্য মোবাইল এস.এম.এস সার্ভিস চালু রয়েছে। কিন্তু, গ্রামীণ ফোন দিয়ে এই সেবা দেওয়া যাচ্ছে না তবে অচিরেই গ্রামীণ ফোন কর্তৃপক্ষের সাথে কথা বলে মোবাইল এস.এম.এস সার্ভিস কাযর্ক্রম আরো জোরদার করা হবে।	আইসিটি কর্মকর্তার নেতৃত্বে প্রাণিসম্পদ অধিদপ্তর বিনামূল্যে ২৪ ঘন্টা পশু-পাখির প্রাথমিক চিকিৎসা সেবাসহ বিভিন্ন কার্যক্রম খামারীদের মাঝে পৌছানোর জন্য মোবাইল এস.এম.এস সার্ভিস চালু করেছে যার কাযর্ক্রম আরো জোরদার করা হবে।	মোঃ শামীম হোসেন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (এল/আর), আইসিটি শাখা
১২.	মুজিব বর্ষ (২০২০) উপলক্ষ্যে দেশ ব্যাপি র‍্যালি, শোভাযাত্রার আয়োজন করা হবে। এছাড়া অধিদপ্তরের ওযেবসাইটে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উদযাপনের প্রাণিসম্পদ অধিদপ্তরের কার্যক্রম লিঙ্ক আকারে প্রদর্শিত হবে এবং সকল কাযর্ক্রম হালনাগাদ করা হবে।	পরিচালক (সম্প্রসারণ) সভায় জানান যে, উপ-পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন এর নেতৃত্বে একটি ৫ সদস্যের কমিটি গঠন করে মুজিববর্ষ (২০২০) উপলক্ষ্যে অধিদপ্তর সহ দেশ ব্যাপি র‍্যালি, শোভাযাত্রার আয়োজন করা হবে। এছাড়া অধিদপ্তরের ওয়েবসাইটে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উদযাপনের প্রাণিসম্পদ অধিদপ্তরের কার্যক্রম	মুজিববর্ষ (২০২০) উপলক্ষ্যে অধিদপ্তর সহ দেশ ব্যাপি র‍্যালি, শোভাযাত্রার আয়োজন করা হবে। এছাড়া অধিদপ্তরের ওয়েবসাইটে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উদযাপনের প্রাণিসম্পদ অধিদপ্তরের কার্যক্রম লিঙ্ক আকারে প্রদর্শিত হবে এবং সকল কাযর্ক্রম হালনাগাদ করা হবে।	**৫ সদস্য বিশিষ্ট কমিটি** ডাঃ মোঃ শফিউল আহাদ সরদার, সহকারী পরিচালক, এপিডেমিওলজী ইউনিট, আহবাহক ডাঃ ফয়সাল তালুকদার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,এপিডেমিওলজী ইউনিট, ডাঃ মোঃ গাজী শাহ আলম, ভেটেরিনারি সার্জন, এপিডেমিওলজী ইউনিট, ডাঃ আয়েশা সিদ্দীকা, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (এল/আর)

		লিঙ্ক আকারে প্রদর্শিত হবে এবং সকল কাযর্ক্রম হালনাগাদ করা হবে।		মোঃ শামীম হোসেন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (এল/আর) সদস্য সচিব
১৩.	সারা দেশে প্রতিটি উপজেলার একটি হাইস্কুলে প্রাণিজ আমিষ (দুধ, মাংস ও ডিম) এর প্রয়োজনীয়তা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করা হবে।	প্রকল্প পরিচালক, আধুনিক পদ্ধতিতে গরু হৃষ্টপুষ্টকরণ সভায় জানান যে, তাঁর প্রকল্প থেকে প্রতি উপজেলায় আর্থিক সুবিধা দেওয়া যাবে, যাতে প্রতি উপজেলায় ন্যূনতম একটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে প্রাণিজ আমিষ (দুধ, মাংস ও ডিম) এর প্রয়োজনীয়তা নিয়ে জনসচেতনা সৃষ্টি করা যাবে।	বিভাগীয় উপ-পরিচালকদের নেতৃত্বে প্রতি উপজেলায় একটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় নির্বাচন করে প্রয়োজনীয় লিফলেটসহ বিদ্যালয়ের সেমিনারে কিংবা হলরুমে এ বিষয়ে সচেতনতামূলক প্রোগ্রাম করা হবে। আগামী ২৩/০১/২০ তারিখের মধ্যে প্রতিটি উপজেলার ন্যূনতম ১ টি করে হাইস্কুল এর তালিকা প্রেরণ করতে হবে।	বিভাগীয় উপ-পরিচালকবৃন্দ
১৪.	ক্রোড়পত্র প্রকাশ	মুজিববর্ষ (২০২০) উপলক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তরের পক্ষ থেকে একটি ক্রোড়পত্র প্রকাশ করতে পারে যেখানে প্রাণিসম্পদ খাতের অবদান, সায়েন্টিফিক পেপার সহ প্রাণিসম্পদ খাতে বর্তমান সরকারের অবদান উল্লেখ করা যেতে পারে।	পরিচালক (গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন) এর নেতৃত্বে একটি কমিটি গঠন করে ক্রোড়পত্র প্রকাশের উদ্যোগ করা হবে।	৫ সদস্য বিশিষ্ট কমিটি পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, আহবাহক ডাঃ নন্দ দুলাল ঠিকাদার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (এল/আর) ডাঃ মোঃ আনোয়ার সাদাত, উপ-প্রকল্প পরিচালক, সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প

				ফয়সাল মেহেদী হাসান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (এল/আর) ড. এ বি এম খালেদুজ্জামান, সহকারী পরিচালক, খামার, সদস্য সচিব
১৫.	পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর কার্যক্রমের প্রাণিসম্পদ কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা	পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর কার্যক্রমের প্রাণিসম্পদ কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হবে নিজেদের অফিস আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার মাধ্যমে। এইক্ষেত্রে, মুজিব বর্ষকে (২০২০) সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর কার্যক্রমের প্রাণিসম্পদ কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হবে।	উপ-পরিচালক, প্রাণি ক্রয় ও উন্নয়ন শাখার নেতৃত্বে মুজিব বর্ষকে (২০২০) সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর কার্যক্রমের প্রাণিসম্পদ কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হবে।	**৫ সদস্য বিশিষ্ট কমিটি** উপ-পরিচালক, প্রাণি ক্রয় ও উন্নয়ন শাখা, আহবাহক ডাঃ কাবিউন নেছা, বৈজ্ঞানিক কর্মকর্তা ডাঃ মোঃ গাজী শাহ আলম, ভেটেরিনারি সার্জন, এপিডেমিওলজি ইউনিট ড. আম্বিয়া আক্তার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (এল/আর) মোঃ সুজাউল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (এল/আর) সদস্য সচিব

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত

ডাঃ আবদুল জব্বার শিকদার
মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর